



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: WorkSheet - 9

Class: 3



Subject: Bengali Gram(বোধপরীক্ষণ)

Date: 12/08/2020

নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে উত্তরগুলি লেখ :-

বাল্যকাল থেকে নরেন্দ্রনাথ জাতিভেদ প্রথার বিরোধী । তিনি ভাবতেন, সব মানুষকেই তো দেখতে একরকম, তবে তাদের মধ্যে পার্থক্য থাকবে কেন ? নরেন্দ্রনাথ ভাবলেন, কী করে জাত যায়, তা পরীক্ষা করে দেখতে হবে । একদিন তিনি তাঁদের বৈঠকখানা ঘরে নানা জাতের এমন কী হিন্দু মুসলমানের ব্যবহার করা অনেকগুলো ছঁকো নিয়ে পরপর টানতে লাগলেন । ঠিক সেই সময় তার বাবা বিশ্বনাথ দত্ত সেই ঘরে এসে ঢুকলেন । নরেন্দ্রনাথকে ছঁকো টানতে দেখে তিনি অবাক হয়ে জিজ্ঞাসা করলেন, ‘কী করছিস’ ? নরেন্দ্রনাথ বললেন, ‘কেমন করে জাত যায় তাই দেখছিলাম’ । কিন্তু তিনি কোনো পার্থক্য বুঝতে পারলেন না । তাঁর মনে হল- তিনি ছঁকো টানবার আগে ও যেমন ছিলেন, পরে ও ঠিক তেমনই আছেন । তাঁর একটুকু ও পরিবর্তন হয়নি, তবে কেন সবাই বলে জাত যাবে ? নরেন্দ্রনাথ ভাবলেন, নিশ্চয়ই এটা মিথ্যা কথা ।

## প্রশ্ন

- ১। নরেন্দ্রনাথ বাল্যকাল থেকে কোন বিষয়ের বিরোধী ছিলেন ?
- ২। এ বিষয়ে তিনি কী ভাবতেন ?
- ৩। জাত যায় কী না পরীক্ষা করার জন্য তিনি কী করেছিলেন ?
- ৪। নরেন্দ্রনাথের পরবর্তী কালে কী নাম হয়েছিল ?
- ৫। নরেন্দ্রনাথের বাবার নাম কী ?
- ৬। নরেন্দ্রনাথ কোন মহাপুরুষের সংস্পর্শে এসেছিলেন ?
- ৭। নরেন্দ্রনাথের সন্ন্যাস জীবনে কী নাম হয়েছিল ?

৮। স্বামী বিবেকানন্দের কোনো বাণী জানা থাকলে লেখ ?

৯। বাক্যরচনা কর :-

ক। বৈঠকখানা =

খ। হুকো =

গ। জাতিভেদ =

১০। বিপরীত শব্দ লেখ :-

ক। মিথ্যা =

খ। আগে =

১১। ঠিক বা ভুল লেখ :-

ক। নরেন্দ্রনাথের পরবর্তীকালে নাম হয়েছিল নেতাজী ।

খ। নরেন্দ্রনাথ বাল্যকাল থেকেই জাতিভেদ প্রথার বিরোধী ছিলেন ।

Manashi Chaudhuri,